**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) দেশব্যাপী হর ঘর তিরঙ্গা কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে ।**

**(২) রাজ্যে বিশ্ব আদিবাসী দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত ।**

**(৩) কুমারঘাট ব্লকের মশাউলী পঞ্চায়েতের অধীন লক্ষীপুর S B স্কুল ভোট কেন্দ্রে আগামীকাল পুনঃ ভোট অনুষ্ঠিত হবে ।**

**(৪) প্যারিসে অলিম্পিকে জ্যাভলিন থ্রোতে রৌপ্য পদক জয়ী নীরজ চোপড়াকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ।**

**************************************************

**Har Ghar Tiranga-National :**

নাগরিকদের মধ্যে দেশপ্রেম জোরদার করতে আজ থেকে দেশব্যাপী হর ঘর তিরঙ্গা কর্মসূচি শুরু হয়েছে। চলবে ১৫ই আগস্ট পর্যন্ত। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত সবার বাড়িতে তিরঙ্গা পতাকা উত্তোলন করতে এবং

পতাকার সঙ্গে সেলফি তুলে হর ঘর তিরঙ্গা ডট কম ওয়েবসাইটে আপলোড করার আবেদন জানিয়েছেন।

*************************************

**HAR GHAR TRIRANGA :**

আজ থেকে রাজ্যেও হর ঘর তিরঙ্গা কর্মসূচি শুরু হয়েছে। এই কর্মসূচিতে রয়েছে জাতীয় পতাকা নিয়ে পদযাত্রা, সাইকেল র‍্যালি, মোটর বাইক র‍্যালি ও তিরঙ্গা রান। তাছাড়া রয়েছে সঙ্গীতানুষ্ঠান তিরঙ্গা কনসার্ট, তিরঙ্গা চিত্রাঙ্গন। তিরঙ্গা ক্যানভাসে জনসাধারণের সাক্ষর সম্বলিত হর ঘর তিরঙ্গা অথবা জয় হিন্দ লেখা পোষ্টার বিভিন্ন জায়গায় লাগানো হবে। তা হরঘর তিরঙ্গা ডট কম ওয়েব সাইটে পোস্ট করা হবে। যেসব স্থানে স্বাধীনতা সংগ্রামীদের স্মরনে, শিলা ফলক লাগানো হয়েছিল, সেখানে এবছর দেশের জন্য শপথ নেওয়া হবে। তাছাড়া প্রতিটি জেলায় দেশপ্রেমিক ও শহীদদের সম্মান প্রদর্শন করা হবে। জেলা, প্রশাসনের উদ্যোগে সব জেলায় তিরঙ্গা মেলার আয়োজন করা হবে। তাছাড়া ১৩ থেকে ১৫ই আগস্ট বিভিন্ন সেলফি পয়েন্টে ছবি তুলে তা, হর ঘর তিরঙ্গা ওয়েবসাইটে আপলোড করা যাবে।

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ পশ্চিম জেলা শাসক অফিস থেকে এক তিরঙ্গা রেলি বের করা হয়। জেলা শাসক ডঃ বিশাল কুমার ও প্রশাসনের পদস্থ আধিকারিক এবং কর্মচারীরাও এই রেলিতে অংশ গ্রহণ করেন।

***************************

**Har Ghar Tiranga-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে  প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে "হর ঘর তিরঙ্গা" কর্মসূচি পালনের বিষয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করেন। বৈঠকে আগামী ১৩ থেকে ১৫ই আগস্ট হর ঘর তিরঙ্গা কর্মসূচি প্রতিটি জেলা, ব্লক ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পালনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করেন। পাশাপাশি "হর ঘর তিরঙ্গা"-র আজ থেকে শুরু হওয়া বিভিন্ন কর্মসূচিগুলির সফল বাস্তবায়নের বিষয়েও এই বৈঠকে আলোচনা হয়।

***************************

**Current Affairs :**

এই হর ঘর তিরঙ্গা কর্মসূচি নিয়ে আকাশবাণীর সংবাদ বিভাগের একটি আলোচনা শোনা যাবে আগামীকাল বিকেল ৩টা ১৫ মিনিটে। মূল অনুষ্ঠানের পরেই এ আই আর নিউজ আগরতলা এই সোশ্যাল মিডিয়াতেও আলোচনাটি শোনা যাবে।

*************************

**World Indigenous Day-ADC :**

আজ বিশ্ব আদিবাসী দিবস। এ উপলক্ষে স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগে আজ খুমুলুঙে এ ডুকমালিহাতি থেকে নুউাই অডিটরিয়াম হল পর্যন্ত চিরাচরিত পোশাকে সজ্জিত হয়ে বিভিন্ন সম্প্রদায়ের আদিবাসীরা বর্নাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। রেলির সূচনা করেন এডিসি'র সমবায় দপ্তরের নির্বাহী সদস্য অনন্ত দেববর্মা। উপস্থিত ছিলেন নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, সুহেল দেববর্মা, রাজেশ ত্রিপুরা, বিধায়ক বিশ্বজিৎ কলই, স্বপ্না

দেববর্মা, এমডিসি গনেশ দেববর্মা, এডিসি'র পশ্চিম জোন্যালের চেয়ারম্যান টনি দেববর্মা প্রমুখ।

***************************

**World Indigenous Peoples Day :**

বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষ্যে আজ জয়েন্ট অ্যাকশন কমিটি অফ সিভিল সোসাইটিরর উদ্যোগে আগরতলার সুপারিবাগানস্থিত দশরথ দেব স্মৃতি ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা। তাছাড়া উপস্থিত ছিলেন টি.ই.এস.টি-র প্রাক্তন সহ সভাপতি মনোজ জমাতিয়া সহ বিশ্ব বিদ্যালয় ও বিভিন্ন কলেজের অধ্যাপকগণ এবং স্বেচ্ছা সেবী সংগঠনের প্রতিনিধিরা। অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে সেমিনার ও বর্নাঢ্য রেলির আয়োজন করা হয়।

*************************

**World Indigenous Day-Congress :**

ত্রিপুরা প্রদেশ কংগ্রেস কমিটির উদ্যোগে আজ রাজধানীর মুক্তধারা অডিটরিয়ামে বিশ্ব আদিবাসী দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন বলেন এই দিনটি উদযাপনের মূল উদ্দেশ্য হল আদিবাসীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার পাশাপাশি সারা বিশ্ব জুড়ে আদিবাসীদের অধিকারকে সুরক্ষিত রাখা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক গোপাল রায়, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, প্রদেশ আদিবাসী কংগ্রেস কমিটির চেয়ারম্যান শব্দ কুমার জমাতিয়া প্রমুখ।

**************************

**Congress-Khowai :**

খোয়াই কংগ্রেস ভবনে তেলিয়ামুড়া জেলা কংগ্রেস কমিটি, খোয়াই ব্লক কংগ্রেস কমিটি ও খোয়াই ব্লক যুব কংগ্রেস কমিটির উদ্যোগে আজ ভারত ছাড়ো আন্দোলনের ৮২তম বর্ষপূর্তি উদযাপন করা হয়। তাছাড়া সর্বভারতীয় যুব কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস এবং বিশ্ব আদিবাসী দিবসও উদযাপন করা হয়।

****************************

**Bayu Bidyaok Bill :**

লোকসভায় আজ ভারতীয় বায়ু বিদ্যায়ক ২০২৪ বিল গৃহিত হয়েছে। এই বিলে কেন্দ্রীয় সরকারকে যে কোনো বিমান নকশা, উৎপাদন, রক্ষনাবেক্ষন, ব্যবহার, পরিচালনা, বিক্রয়, রপ্তানি বা আমদানী নিয়ন্ত্রণের ক্ষমতা প্রদান করা হয়েছে। বিমান দুর্ঘটনা বা ঘটনার তদন্তের জন্য সরকারকে বিধি প্রণয়নের ক্ষমতা দেওয়াও এই বিলের অন্যতম উদ্দেশ্য। বিলটির উপর বিতর্কের জবাবে কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহন মন্ত্রী কিঞ্জারাপ্পু রামমোহন নাইডু বলেছেন, গত দশ বছরে অসামরিক বিমান চলাচল বৃদ্ধি হয়েছে। বিমানবন্দরের সংখ্যা ২০১৪ সালে ছিল ৭৪টি। বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ১৫৭টি। বিমান চালনা অর্থনীতিতে ভারত বর্তমানে বিশ্বের তৃতীয় বৃহত্তম স্থানে রয়েছে।

****************************

**Re-Poll-Unakoti :**

ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের অন্তর্গত মশাউলী পঞ্চায়েতের অধীন লক্ষীপুর S B স্কুল ভোট কেন্দ্রে আগামীকাল পুনঃ ভোট অনুষ্ঠিত হবে। গতকাল পঞ্চায়েতের সাধারণ নির্বাচনে সংশ্লিষ্ট

ভোট কেন্দ্রে ব্যালট-পেপার বিভ্রাটের কারণে পুনঃ ভোটের ঘোষনা দেয় রাজ্য নির্বাচন কমিশন। সংশ্লিষ্ট বুথে আগামীকাল মশাউলী পঞ্চায়েতের চার নম্বর ওয়ার্ডের সাত ও আট নম্বর আসনে পুনঃ ভোট অনুষ্ঠিত হবে। আগামীকালের পুনঃভোটে ভোটার রয়েছেন ৪২০ জন। এরমধ্যে পুরুষ ২২৯ জন ও মহিলা ভোটারের সংখ্যা ১৯১ জন। এদিকে গতকাল অনুষ্ঠিত ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে ঊনকোটি জেলাতে ভোটদানের শতকরা হার ৮২ দশমিক সাত দুই শতাংশ। আগামীকাল অনুষ্ঠিতব্য পুনঃ ভোট সম্পর্কে ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে পুনঃভোট সম্পন্ন করতে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

*****************************

**Preparation of Counting-Sepahijala :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা আগামী ১২ই আগষ্ট। প্রত্যেকটি জেলায় ভোট গণনার জন্য আনুসঙ্গিক প্রস্তুতি চলছে। সিপাহীজলা জেলায় গতকাল ভোট গ্রহণ শেষ হবার পর জেলার অন্তর্গত ৬টি ব্লকের ব্যালট বক্স কড়া নিরাপত্তায় স্ট্রং রুমে রাখা আছে। জেলার অন্তর্গত মোহনভোগ ব্লকের ব্লক আধিকারিক তথা রিটার্নিং অফিসার শ্রীকান্ত চক্রবর্তী জানিয়েছেন কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী, টি.এস.আর ও রাজ্য পুলিশের ত্রি-স্তরীয় নিরাপত্তায় ব্যালট বক্সগুলি স্ট্রং রুমে রাখা হয়েছে। আগামী ১২ই আগষ্ট সকাল ৮টা থেকে গণনা শুরু হবে।

*****************************

**Har Ghar Tiranga-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতছাড়ো আন্দোলনের প্রতি শ্রদ্ধা জানান। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী স্বাধীনতা সংগ্রামে এই আন্দোলনের অপরিসীম গুরুত্বের কথা তুলে ধরেন। স্বাধীনতা দিবসের আগে প্রধানমন্ত্রী তাঁর সোশাল মিডিয়া প্রোফাইল ছবি তিরঙ্গায় ওয়েবসাইটে আপলোড করেছেন। জনগণকে তিরঙ্গা প্রচারে যোগ দিতে এবং তিরঙ্গা ওয়েবসাইটে সেলফি শেয়ার করে হর ঘর তিরঙ্গা উদযাপন করার আহ্বান জানান।

*****************************

**Jishnu Debbarma :**

তেলেঙ্গানার রাজ্যপাল যীষ্ণু দেববর্মাকে আগামীকাল মান্দাই এর খরাঙ কমিউনিটি হলে রাজ্য সরকারের পক্ষ থেকে নাগরিক সংবর্ধনা দেওয়া হবে। এই কার্যক্রমকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারি বাসভবনে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। এদিকে, তেলেঙ্গানার রাজ্যপাল যীষ্ণু দেববর্মা আজ বিকেলে আগরতলায় রাজভবনে রাজ্যের রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

**************************

**National Space Day :**

আগামী ২৩শে আগস্ট জাতীয় মহাকাশ দিবসকে সামনে রেখে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের নিয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নর্থ ইস্টার্ন স্পেস এপলিকেশন সেন্টার এবং রাজ্য সরকারের বিজ্ঞান

ও প্রযুক্তি দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা। জাতীয় মহাকাশ দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বলেন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এই ধরনের অনুষ্ঠান ছাত্রছাত্রীদের মধ্যে মহাকাশ সম্পর্কে জানার উৎসাহ আরো কয়েকগুন বৃদ্ধি করবে।

********************************

**Border :**

ভারত বাংলাদেশ সীমান্তের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য কেন্দ্রীয় সরকার একটি কমিটি গঠন করেছে। এই কমিটি বাংলাদেশে অবস্থানরত ভারতীয় নাগরিক এবং সেদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য বাংলাদেশ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখবে। এই কমিটির নেতৃত্বে থাকবেন বি এস এফের ইস্ট্যার্ন কমান্ডের এডিজি। এতে থাকবেন আইজি বিএস এফ ফ্রন্টিয়ার দক্ষিণবঙ্গ, আইজি বি এস এফ ফ্রন্টিয়ার হেডকোয়ার্টার ত্রিপুরার আইজি, ভারতীয় স্থলবন্দরের সচিব প্রমুখ।

********************************

**Seminar on Chandayan-3-South :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেল এবং বিজ্ঞান বিভাগের উদ্যোগে এবং আকাশবাণী বিলোনিয়া কেন্দ্রের সহযোগিতায় আজ কলেজে - 'India In Space' - শিরোনামে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাসের পৌরহিত্যে অনুষ্ঠিত এই সেমিনারে বক্তব্য রাখেন ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত

বিশ্ববিদ্যালয়ের শিলং আঞ্চলিক শাখার প্রাক্তন অধিকর্তা ড. রাহুল ভট্টাচার্য, কলেজের পদার্থবিজ্ঞানের বিভাগীয় প্রধান শুভেন্দু সেনগুপ্ত, আকাশবাণী বিলোনিয়া কেন্দ্রের মুখ্য সঞ্চালক স্নেহাশীষ চক্রবর্তী, কলেজ শিক্ষক সংসদের সম্পাদক অধ্যাপক বিমলা কিশোর আচার্য প্রমুখ।

**********************************

**ICP :**

আগরতলা আইসিপি দিয়ে আমদানি রপ্তানি বাণিজ্য স্বাভাবিক থেকে অনেক কম। আইসিপির এক পদস্থ আধিকারিক জানান, গত কয়েক দিন ধরে আগরতলা থেকে কোন রপ্তানি হয়নি। তবে বাংলাদেশ থেকে মাছ, প্লাস্টিক, সিমেন্ট সহ অন্যান্য পন্য নিয়ে তেরটি লরি গতকাল আগরতলা এসে পৌঁছেছে। আইসিপি দিয়ে যাত্রী চলাচলও স্বাভাবিক থেকে অনেক কম।

***************************

**Accident-Gomati :**

আজ সকালে গোমতী জেলার উদয়পুর-অমরপুর সড়কের গান্ধারী এলাকায় দুইটি যাত্রী বাহী বাস গাড়ির সংঘর্ষে ২৬ জন যাত্রী অল্প বিস্তর আহত হয়। দমকল কর্মীরা আহতদের অমরপুর মহকুমা হাসপাতালে নিয়ে যায়। পরে উন্নত চিকিৎসার জন্য কয়েকজনকে জিবি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পুলিশ দুইটি গাড়ি আটক করেছে।

****************************

**Niraj Chopra-PM :**

প্যারিসে অলিম্পিকে জ্যাভলিন থ্রোতে রৌপ্য পদক জয়ী নীরজ চোপড়াকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী 'এক্স' বার্তায় লিখেছেন "নীরজ চোপড়া শ্রেষ্ঠত্বের প্রতীক। ভারত আনন্দিত যে, তিনি আবারও একটি অলিম্পিকে সাফল্য নিয়ে ফিরে এসেছেন। তিনি অগণিত উদীয়মান অ্যাথলিটকে তাদের স্বপ্ন পূরণ করতে অনুপ্রাণিত করবেন।

*******************************

**2nd Division Football :**

TFA আয়োজিত দ্বিতীয় ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় আজ স্কাইলার্ক ক্লাব ৪-১ গোলে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচে স্কাইলার্ক ক্লাবের হয়ে ফিলমন রিয়াং দুটি, জেকব মিংটন পুঁইয়া এবং ভানলা কিমা একটি করে গোল করেন। বীরেন্দ্র ক্লাবের পক্ষে হায়ুং জমাতিয়া একটি গোল করেন।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ ও সিপাহীজলা জেলায় ভারী বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে। অন্যান্য সব

জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************